গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moha.gov.bd

নং: ৪৪.০০.০০০০.০০০.০১৯.০১.০০৪০.১৬-৫৮

তারিখ ঃ ০৬ মাঘ ১৪৩২
২০ জানুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব আবু রায়হান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, শৃঙ্খলা-২ (সাবেক জননিরাপত্তা বিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মরত থাকা অবস্থায় জনাব মোঃ দ্বীন ইসলাম, অফিস সহায়ক, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, সাতক্ষীরা; সংযুক্ত- হাজাছড়া আনসার ব্যাটালিয়ন (৭ বিএন)-কে শুভলং, রাঙ্গামাটি এর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩) (ক) মোতাবেক "অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদ হতে ০৫ (পাঁচ) বছরের জন্য "অফিস সহায়ক" পদে অবনমিতকরণ এবং ১৬ তম বেতন গ্রেড হতে ১৮ তম বেতন গ্রেডে অবনমিত দন্ড বহাল রাখা হলেও জনাব মোঃ দ্বীন ইসলামের দন্ড মওকুফ করা হয়েছে মর্মে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাও, ঢাকা এর বরাবর প্রেরিত জাল প্রজ্ঞাপন প্রেরণ করার অভিযোগ করা করা হয়। জাল প্রজ্ঞাপনটির স্মারক নম্বর আপনার হাতের লেখার সাথে মিল থাকায় আপনাকে জিজ্ঞাসাবাদ করা হলে আপনি স্বীকার করেন যে, খামের উপরে ঠিকানা, স্মারক ও বিষয় আপনার হাতে লেখা। আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুসারে 'অসদাচরণ' এবং শাস্তিযোগ্য অপরাধ;

০২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমানিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধির বিধান মোতাবেক আপনাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়; এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের ভিত্তিতে অভিযোগনামা অভিযোগ বিবরণী জারি করা হয়। আপনি অভিযোগনামা ও অভিযোগ বিবরনীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী চেয়ে আবেদন করেন। আপনার আবেদনের প্রেক্ষিতে গত ১২-০১-২০২৫ তারিখ শুনানী অনুষ্ঠিত হয়;

০৩। ব্যক্তিগত শুনানীকালে আপনি অনিচ্ছাকৃত অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানী, উভয়পক্ষের বক্তব্য, আপনার লিখিত জবাব পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুসারে 'অসদাচরণ' অভিযোগে দোষী সাব্যস্তকরে একই বিধিমালার ৪(২) (ঘ) বিধি অনুযায়ী আগামী ০২(দুই) বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনতিমকরণ ' অর্থাৎ ১৬তম গ্রেডে ৯৩০০-২২৪৯০/- টাকা স্কেলে ১২৪৯০/- টাকা মুল বেতনে অবনমিতকরণ সূচক লঘুদন্ড প্রদান করা হলো। দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৯৩০০-২২৪৯০/- টাকার স্কেলে (গ্রেড-১৬) বর্তমানে প্রাপ্ত ধাপে প্রত্যাবর্তন করবেন। এই আদেশ আগামী ০২(দুই) বছরের জন্য বলবৎ থাকবে। একই সাথে ২১ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের ৪৪.০০.০০০০.০০০.০১৯.০১.০০৪০.১৬-৭১৮ নম্বর স্মারকমূলে জারিকৃত জনাব আবু রায়হান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর 'সাময়িক বরখাস্ত' আদেশটি প্রত্যাহার করা হলো এবং সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

০৪। জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০/১/২৬

মোঃ আতাউর রহমান খান এনডিসি
অতিরিক্ত সচিব
ফোন ঃ +৮৮০২২২৩৩৯০৬৮৭
adminwing@moha.gov.bd

স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.০১৯.০১.০০৪০.১৬-৫৮

তারিখ ঃ ০৬ মাঘ ১৪৩২
২০ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। উপসচিব (শৃঙ্খলা-২ শাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাবকোষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (প্রশাসন-১ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জনাব আবু রায়হান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, (সাবেক জননিরাপত্তা বিভাগ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮। ব্যক্তিগত নথি।

২০/১/২০২৬

মোঃ শিমুল আকতার
উপসচিব